

কুয়েটে সংঘর্ষ

## অনুসন্धानে পর্যবেক্ষক দল পাঠাল ছাত্রদল

নিজস্ব প্রতিবেদক

১৯ ফেব্রুয়ারি ২০২৫, ০৯:১৩ এএম



ছাত্রদলের লোগো

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (কুয়েট) সংঘর্ষের কারণ অনুসন্धानে পর্যবেক্ষক দল পাঠিয়েছে বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদল। এই দলকে পরিস্থিতি পর্যবেক্ষণ করে আগামী ২৪ ঘণ্টার মধ্যে কেন্দ্রীয় সংসদকে অবহিত করার জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে।

গতকাল মঙ্গলবার রাতে ছাত্রদলের সভাপতি রাকিবুল ইসলাম রাকিব ও সাধারণ সম্পাদক নাছির উদ্দীন নাছির এ নির্দেশনা প্রদান করেন।

পর্যবেক্ষক দলে আছেন- ছাত্রদলের কেন্দ্রীয় সংসদের সিনিয়র যুগ্ম সাধারণ সম্পাদক শ্যামল মালুম, যুগ্ম সাধারণ সম্পাদক মো. শাহাদাত হোসেন ও সোহেল রানা।

এর আগে মঙ্গলবার সকাল থেকে ছাত্ররাজনীতি বন্ধের দাবিতে বিক্ষোভ মিছিলের জেরে খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (কুয়েট) শিক্ষার্থীদের দুই পক্ষের মধ্যে সংঘর্ষের ঘটনা ঘটে। এতে সংঘর্ষে উভয় পক্ষের অন্তত ৫০ জন আহত হন।